**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 15-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) জম্মু কাশ্মীরের নওগাম থানা চত্বরে গতরাতে দুর্ঘটনাজনিত বিস্ফোরণে ৯ জন প্রাণ হারিয়েছেন। আহতের সংখ্যা কম করেও ৩২। বিস্ফোরণের প্রকৃত কারণ তদন্ত করে দেখা হচ্ছে।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একদিনে গুজরাট সফরে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করছেন।

৩) ভগবান বীরসা মুন্ডার জন্মদিনটি আজ সারাদেশে জনজাতীয় গৌরব দিবস হিসাবে উদযাপন করা হচ্ছে। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ বিভিন্ন নেতামন্ত্রীরা বীরসা মুন্ডার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

৪) রাষ্ট্রসংঘে তালিবানদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা সংক্রান্ত কমিটির মাথায় পাকিস্তান থাকায় ভারত তাঁর সমালোচনা করে বলেছে, এতে স্বার্থের সংঘাত ঘটবে।

৫) ভারতের অঙ্কিতা ভগত এবং ধীরাজ বোম্মাদেবারা আকায় এশীয় তিরন্দাজি প্রতিযোগিতায় স্বর্ণপদক জিতেছেন।

৬) ইডেনে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম টেস্টের দ্বিতীয় দিনে ভারত, প্রথম ইনিংসে এগিয়ে গেছে।

oooooooooooooooooooo

জম্মু কাশ্মীরের নওগাঁম পুলিশ থানায় গতরাতে এক দুর্ঘটনাজনিত বিস্ফোরণে ৯ জন নিহত হয়েছেন। জম্মু কাশ্মীর পুলিশের মহানির্দেশক নলীন প্রভাত জানিয়েছেন, নিহতদের মধ্যে রাজ্য তদন্তকারী সংস্থা SIA-র এক কর্মী, ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি দলের ৩ জন, ২ জন অকুস্থলে ছবি তুলতে আসা ফোটোগ্রাফার, ২ জন রাজস্ব আধিকারিক এবং ১ জন দর্জি রয়েছেন। ওই দুই রাজস্ব আধিকারিক ও দর্জি, ম্যাজিস্ট্রেটের দলের সদস্য। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের জম্মু কাশ্মীর বিষয়ক যুগ্ম সচিব প্রশান্ত লোখান্ডে জানিয়েছেন, বিস্ফোরণে ২৭ জন পুলিশ কর্মী, ২ জন রাজস্ব আধিকারিক এবং তিন অসামরিক ব্যক্তি জখম হয়েছেন। তাদের অবিলম্বে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছে। হতাহতদের পরিবার বর্গের পাশে সরকার রয়েছে বলে তিনি জানান।

**বাইট**

শ্রী লোখান্ডে আরো জানান, জঙ্গীদের কাছ থেকে উদ্ধার করা বিপুল পরিমাণ বিস্ফোরক এবং রাসায়নিক পদার্থ ঠিক মত রাখার সময়ে তাতে আচমকা বিস্ফোরণ ঘটে যায়। নিয়ম মাফিক পদ্ধতি মেনে বিস্ফোরকগুলি ফরেন্সিক পরীক্ষার জন্য নিয়ে যাওয়ার সময়ে সেগুলির বিস্ফোরণ ঘটে বলে উল্লেখ করেন। বিস্ফোরকগুলি মারাত্মক ঘরনের হওয়ায় থানার মধ্যে এক খোলা জায়গায় সেগুলি রাখা হয়েছিল এবং অত্যন্ত সতর্কতার সঙ্গেই সেগুলি নাড়াচাড়া করা হচ্ছেল। তা সত্ত্বেও তাতে বিস্ফোরণ ঘটে। আশপাশ এলাকা এবে থানা ভবনের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। তিনি আরও জানান, অপ্রয়োজনীয় জল্পনা কল্পনা এড়াতেই এই দুর্ঘটনার কারণ তদন্ত করে দেখা হচ্ছে।

oooooooooooooooooooo

দিল্লির লালকেল্লার সামনে বিস্ফোরণে কাণ্ডে জড়িত সন্দেহে উত্তর দিনাজপুরের ডালখোলার সুরজাপুর বাজারের কাছ থেকে NIA নুর আলম নামে ফরিদাবাদের আল ফালাহ বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল ছাত্রকে আটক করেছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আত্মীয়ের অনুষ্ঠানবাড়িতে সে এসেছিল বলে জানা গেছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুজরাত সফরে মুম্বাই আমেদাবাদ উচ্চ গতি সম্পন্ন রেল করিডোরের অধীনে নির্মীয়মান সুরাত স্টেশন পরিদর্শন করেছেন। আজ সকালেই শ্রী মোদী সুরাত বিমানবন্দরে পৌঁছন। রেল প্রকল্পের সঙ্গে যুক্ত আধিকারিকদের সঙ্গেও কথা বলেন তিনি।

এরপর শ্রী মোদী নর্মদা জেলার দেড়িয়াপাড়ায় স্বাধীনতা সংগ্রামী, আদিবাসী নেতা ভগবান বীরসা মুন্ডার সার্ধশত জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নেবেন। গ্রামীণ ও প্রত্যন্ত এলাকার পরিকাঠামো উন্নয়নে শ্রী মোদী, ৯ হাজার ৭শো কোটি টাকা মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। মূলতঃ পরিকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা এবং ঐতিহ্য সংরক্ষণ সংক্রান্ত প্রকল্পে জোর দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান PM জনমন এবং ধরতী আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের আওতায় নির্মিত ১ লক্ষ বাড়ির গৃহপ্রবেশের অনুষ্ঠানে যোগ দেবেন শ্রী মোদী। ১৪ টি ট্রাইবাল মাল্টি মার্কেটিং সেন্টার এবং আদিবাসী এলাকায় ৭শো ৪৮ কিলোমিটার নতুন রাস্তা নির্মানের জন্য শিলান্যাস করবেন তিনি।

oooooooooooooooooooo

স্বাধীনতা সংগ্রামী, আদিবাসী নেতা ধরতি আবা বীরসা মুন্ডার জন্মদিনটি আজ জনজাতীয় গৌরব দিবস হিসাবে উদযাপিত হচ্ছে। আদিবাসী সমাজের ইতিহাসকে স্বীকৃতি দিতে, কেন্দ্রীয় ১৫ নভেম্বর দিনটি জনজাতীয় গৌরব দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। এর অঙ্গ হিসাবে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, কর্মসূচি, প্রদর্শনী এবং শিক্ষামূলক কর্মসূচীর মাধ্যমে পালন করা হবে জনজাতীয় গৌরব সপ্তাহও।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকার, আদিবাসী স্বাধীনতা সংগ্রামীদের স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা জানাতে বিভিন্ন উদ্যোগ নিচ্ছে। তাদের স্মৃতিতে উৎসর্গ করা হয়েছে বিভিন্ন সংগ্রহশালা ও স্মারক সৌধ। দশ রাজ্যে এই ধরনের এগারোটি সংগ্রহশালা ইতোমধ্যেই অনুমোদন করা হয়েছে। উদ্বোধন হয়েছে তিনটির।

আদিবাসী নেতাদের বীরগাথা সকলের সামনে তুলে ধরতে প্রকাশ করা হয়েছে বিভিন্ন পুস্তক।

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণাণ লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ নতুন দিল্লিতে সংসদ ভবন চত্বরে ‘ধরতি আবা’ বিরসা মুন্ডার মূর্তিতে পুশপার্ঘ্য নিবেদন করেন।

সামাজিক মাধ্যমে এক পোস্টে রাষ্ট্রপতি বলেন, ২০২১ সাল থেকে বিরসা মুন্ডার জন্মবার্ষিকী জনজাতীয় গৌরব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

উপরাষ্ট্রপতি বলেছেন, বীরসা মুন্ডা দেশপ্রেমের যে শিখা প্রজ্জ্বলিত করেছিলেন, প্রজন্মের পর প্রজন্ম তা জ্বলতে থাকবে।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেছেন, জাতীয় স্বার্থ, আদিবাসীদের উন্নয়ন এবং আত্মমর্যাদা রক্ষায় বীরসা মুন্ডার অতুলনীয় সংগ্রাম সকলকে অনুপ্রাণিত করে চলেছে।

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ঝাড়খণ্ড রাজ্য প্রতিষ্ঠা বার্ষিকীতে রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন। রাষ্ট্রপতি মুর্মু এক সমাজমাধ্যম বার্তায় বলেছেন, ভগবান বিরসা মুন্ডার ভূমিজ প্রতিভাবান ও কঠোর পরিশ্রমী মানুষজন এই রাজ্য তথা সমগ্র দেশের সম্মান বৃদ্ধি করেছে। প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এই রাজ্য দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। উপরাষ্ট্রপতি বলেছেন, দেশের বিকাশে ঝাড়খণ্ডবাসীর অবদান অমূল্য। সমৃদ্ধ আদিবাসী সমাজকে আত্মমর্যাদার কঠোর পরিশ্রমের প্রতি ঝাড়খণ্ডবাসী দেশকে এগিয়ে নিয়ে চলেছে। প্রধানমন্ত্রী বলেছেন, ভগবান বিরসা মুন্ডার ভূমি ইতিহাস, সাহসিকতা, সংগ্রাম, আত্মমর্যাদায় পরিপূর্ণ। রাজ্যের সমৃদ্ধি এবং ঝাড়খণ্ডবাসীর নিরন্তর প্রগতির জন্য তিনি শুভকামনা জানিয়েছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাঁর বার্তায় বলেছেন, স্বাধীনতা সংগ্রাম থেকে শুরু করে, জাতীয় সম্মান বৃদ্ধিতে ঝাড়খণ্ড এবং তাঁর অভিবাসীরা সমৃদ্ধির অগ্রণী ভূমিকা নিয়েছেন।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিহারে এন ডি এ-র এই জয়কে গনতন্ত্রের জয় হিসেবে অভিহিত করেছেন, যা দেশের গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি মানুষের আস্থা আরও জোরদার করেছে। নতুন দিল্লীতে গতসন্ধ্যায় বি জেপির সদর দপ্তরে দলীয় কর্মীদের উদ্দেশে ভাষণে তিনি বলেন, বিহারের এই ফলাফল উন্নয়নের রাজনীতির পক্ষে এবং স্বজনপোষণের বিপক্ষে।

প্রধানমন্ত্রী আরও বলেন, দেশ এখন সামাজিক ন্যায়ের জন্য মতাধিকার প্রয়োগ করছে। যার মাধ্যমে প্রতিটি পরিবারকে সামন সুযোগ-সুবিধা, ন্যায় ও মর্যাদা দেওয়া হবে, যে সমাজে থাকবে না কোনো তোষামদের জায়গা।

বিহার বিধানসভা নির্বাচনে এই জয় পশ্চিমবঙ্গ, কেরালা, তামিলনাড়ু, পুডুচেরি এবং অসমের বিজেপি কর্মীদেরও সমানভাবে উদ্বুদ্ধ করেছে বলে শ্রী মোদী মন্তব্য করেন।

oooooooooooooooooooo

বিহার বিধানসভা নির্বাচনে ক্ষমতাসীন জাতীয় গণতান্ত্রিক জোট এনডিএ বিপুল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। ২৪৩ টি আসনের মধ্যে ২০২ টি তেই তারা জয়লাভ করেছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে গতরাতে সবকটি আসনের ফল ঘোষণা করা হয়। রাজ্যে সরকার গঠনের জন্য কোনো দল অথবা জোটের প্রয়োজন ১২২ টি আসনের।

আর জে ডি নেতা মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী যাদব ও সিপিআইএমএল লিবারেশনের সন্দীপ সৌরভ মহাজোটের উল্লেখযোগ্য বিজয়ীদের তালিকায় রয়েছেন। প্রশান্ত কিশোরের জন সুরাজ পার্টি একটিও আসন লাভ করতে ব্যর্থ হয়েছে।

oooooooooooooooooooo

তালিবানদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা সংক্রান্ত নিরাপত্তা পরিষদের কমিটির মাথায় পাকিস্তান থাকায় ভারত তার সমালোচনা করেছে। সন্ত্রাসবাদ বিরোধী কমিটির সহকাআরি চেয়ারম্যানও পাকিস্তান। ভারত বলেছে, পাকিস্তান এই পদে থাকায় স্বার্থের সংঘাত ঘটবে। রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ গতকাল বিতর্ক চলাকালীন বলেছেন, পরিষদের সদস্যদের স্বার্থ থাকায় তাদের এই কমিটির চেয়ারম্যানের পদে

যাতে আসতে না পারে তা দেখা উচিত। তিনি পাকিস্তানের নাম না করেই তার সমালোচনা করেছেন। পরিষদে পাকিস্তান দুবছরের মেয়াদে এই পদের নির্বাচিত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন সহকারি বিদেশ সচিব ক্রিস্টোফার লান্ডাউ বলেছেন, দক্ষিণ কোরিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র তাদের সহযোগিতার এক নতুন অধ্যায়ের সূচনা করেছে। দ্বিপাক্ষিক নিরাপত্তা এবং বাণিজ্যচুক্তির বিষয়ে একটি যৌথ তালিকা প্রকাশ করেছে। গত আগস্টে হোয়াইট হাউসে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি জে মিং এবং মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্র্যাম্পের মধ্যে শীর্ষ বৈঠক, এবং গিয়াংঝুয়ে আপেক শীর্ষ বৈঠকের আগে দুই রাষ্ট্রপ্রধানের মধ্যে বৈঠকের ফলাফল গতকাল নথি আকারে প্রকাশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ঢাকায় এশীয় তিরন্দাজি প্রতিযোগিতায় ব্যক্তিগত রিকার্ফ বিভাগে অলিম্পিকে রৌপ্য পদক জয়ী Nam Su-hyeon-কে ৭-৩ হারিয়ে ভারতের অঙ্কিতা ভগত দেশের প্রথম মহিলা হিসেবে এশীয় চ্যাম্পিয়ান হয়েছেন। পুরুষদের বিভাগে Dhiraj Bommadevara – দেশেরই রাহুলকে ৬-২-এ হারিয়ে স্বর্ণ পদক জয় করেছেন। এশীয় তিরন্দাজি প্রতিযোগীতায় ভারতের এপর্যন্ত সবচেয়ে সেরা ফলাফল।

০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম ইনিংসে ভারত এগিয়ে গেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ভারত ১৮৯ রানে অল আউট হয়ে গেছে। দক্ষিণ আফ্রিকা প্রথম ইনিংসে করে ১৫৯ রান। এরফলে ভারত ৪০ রানে এগিয়ে গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০